

নং-৪৪.০০.০০০০.০৭৮.০৫.০৩৫.২০২৫-২২৬

তারিখ: ২০ আশ্বিন ১৪৩৩
০৫ অক্টোবর ২০২৬

বিষয়: যুক্তরাজ্য কর্তৃক দাখিলকৃত সংগঠিত বহিরাগমন অপরাধ সংক্রান্ত SOP on Police Referral Programme between the UK and Bangladesh স্বাক্ষর অনুষ্ঠানের আয়োজন

সূত্র: পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-১৯.০০.০০০০.০০০.৪৫৫.৫২.০১১৪.১৭.৮৭৬, তারিখ: ০৪-১০-২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহ স্মারকের পরিপ্রেক্ষিতে আগামী ০৮ অক্টোবর ২০২৬ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ০২:০০ ঘটিকায় এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (ডবন নং-০৮, কক্ষ নং-২০৮) যুক্তরাজ্য কর্তৃক দাখিলকৃত সংগঠিত বহিরাগমন অপরাধ সংক্রান্ত SOP on Police Referral Programme between the UK and Bangladesh স্বাক্ষরের তারিখ ও সময় নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার মিস সারা কুক (H.E. Sarah Cooke) এবং এ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মনজুর মোর্শেদ চৌধুরী-এর উপস্থিতিতে উক্ত SOP-টি স্বাক্ষরিত হবে।

০২। যুক্তরাজ্য সরকারের পক্ষে যুক্তরাজ্যের হোম অফিসের ডিরেক্টর জনাব কিংসলে গ্রিন (Mr. Kingsley Green) এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষে অতিরিক্ত সচিব (রাজনৈতিক) ড. জিয়াউদ্দিন আহমেদ SOP on Police Referral Programme between the UK and Bangladesh স্বাক্ষর করবেন।

০৩। এমতাবস্থায়, উপরোক্ত বিষয়টি ঢাকাস্থ ব্রিটিশ হাইকমিশনকে অবহিতকরণ এবং এ বিষয়ে উপযুক্ত প্রতিনিধি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মো: আনোয়ার পারভেজ
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৭৪৮০

ই-মেইল: political5@moha.gov.bd

পররাষ্ট্র সচিব

পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা

(দৃ: আ: মহাপরিচালক, ওয়েস্ট ইউরোপ এন্ড ইইউ অনুবিভাগ)

নং-৪৪.০০.০০০০.০৭৮.০৫.০৩৫.২০২৫-২২৬

তারিখ: ২০ আশ্বিন ১৪৩৩
০৫ অক্টোবর ২০২৬

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

০১. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
০২. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, বিশেষ শাখা, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
০৩. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, সিআইডি, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
০৪. মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সদয় অবগতির জন্য)
০৫. উপসচিব, সচিবালয় নিরাপত্তা শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের গাড়ীসহ সচিবালয়ে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৬. উপসচিব, প্রশাসন-২ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভায় অংশগ্রহণকারীদের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৭. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৮. সিস্টেম এনালিস্ট-১, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৯. অতিরিক্ত সচিব (রাজনৈতিক) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১০. মুখ্যসচিব (রাজনৈতিক-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১১. অফিস কপি

মো: আনোয়ার পারভেজ
উপসচিব